



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১
www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-৯৯৭

তারিখ: ২ বৈশাখ ১৪৩৩
১৫ এপ্রিল ২০২৬

বিষয়: ডিআর শীট এর পরীক্ষার্থী অনুযায়ী দাখিল পরীক্ষা-২০২৬ এর প্রশ্নপত্র সটিং করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২০২৬ সালের দাখিল পরীক্ষার প্রশ্নপত্রের কেন্দ্র ভিত্তিক বরাদ্দ ডি আর শীট প্রেরণের পূর্বে মুদ্রণের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়েছিল। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কেন্দ্রস্থিত মাদ্রাসার পরীক্ষার্থী নিজ মাদ্রাসার কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। সে কারণে প্রশ্নপত্রের বরাদ্দ ও ডি আর শীটের মধ্যে কোন কোন কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যার গড়মিল হতে পারে।

এমতাবস্থায়, বোর্ড থেকে প্রেরিত বরাদ্দ পত্রের পরিবর্তে ডি আর শীট এর পরীক্ষার্থী অনুযায়ী প্রশ্নপত্র সটিং করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ডি আর শীটে পরীক্ষার্থীর সংখ্যার চেয়ে কোনো কেন্দ্রে যদি অতিরিক্ত প্রশ্নপত্র পেয়ে থাকে এবং পার্শ্ববর্তী কেন্দ্রে যদি প্রশ্নপত্র কম পেয়ে থাকে তবে ঐ কেন্দ্রকে সরবরাহ করে সমন্বয় করতে হবে। এরপরও যদি প্রয়োজন হয় জেলা সদরের প্রশ্নপত্রের ট্রাংক থেকে প্রশ্নপত্র সমন্বয় করে বোর্ডকে অবহিত করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান
পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮

E-mail: controller@bmeb.gov.bd

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৩। কেন্দ্র সচিব (সকল)

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৩.০১১.৪২.০০৩.২৫-৯৯৭

তারিখ: ২ বৈশাখ ১৪৩৩
১৫ এপ্রিল ২০২৬

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সকল জেলা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২. জেলা শিক্ষা অফিসার, (সকল) (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৪. প্রোগ্রামার, আইসিটি সেল (মাদ্রাসা বোর্ডের ওয়েব সাইটে পত্রটি আপলোড করার অনুরোধসহ);
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৬. অফিস কপি।

মোহাম্মদ আব্দুস সালাম

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৬৫২৪৮

E-mail: dcexam@bmeb.gov.bd